রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৩ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ/১৯ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩২৫-আইন/আয়কর/২০২১।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, খুচরা যন্ত্রাংশসহ পূর্ণাঙ্গ ফ্রিজার, রেফ্রিজারেটর, মোটরসাইকেল, এয়ার কন্ডিশনার ও কম্প্রেসর তৈরীর ক্ষমতাসম্পন্ন শিল্প প্রতিষ্ঠানের বাণিজ্যিক উৎপাদন আরম্ভের তারিখ হইতে কেবল উক্ত শিল্পের ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর হার, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, ৩০ জুন, ২০৩২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত হ্রাস করিয়া ১০% এ নির্ধারণ করিল, যথা:—

শর্তাবলি:

(ক) শিল্প প্রতিষ্ঠানটি কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত হইতে হইবে;

(খ) শিল্প প্রতিষ্ঠানটির নিজস্ব মোল্ড ও ডাইস তৈরীর ক্ষমতা থাকিতে হইবে;

(গ) শিল্প প্রতিষ্ঠানটির নিজস্ব poly urethane foaming plant, powder coating plant এবং বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এর ব্যবস্থা থাকিতে হইবে;

(ঘ) শিল্প প্রতিষ্ঠানটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হইবে;

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

S.R.O. No. 325/2021 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

CamScanner

1 / 2

(ঙ) অব্যাহতিপ্রাপ্ত আয়ের ১০% অর্থ উক্ত শিল্প প্রতিষ্ঠানে বা নূতন কোনো শিল্প প্রতিষ্ঠানে আয় বৎসর শেষ হইবার পরবর্তী ৩ (তিন) বৎসরের মধ্যে বিনিয়োগ করিতে হইবে এবং উক্ত বিনিয়োগের স্বপক্ষে যথাযথ দলিলাদি ও প্রমাণক থাকিতে হইবে;

ব্যাখ্যা—এই দফায় "বিনিয়োগ" বলিতে কেবল নিজস্ব উৎপাদন ক্ষমতা বৃদ্ধি ও ভৌত অবকাঠামো নির্মাণের নিমিত্ত মেশিনারি ক্রয় করাকে বুঝাইবে;

(চ) এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদিত শিল্প প্রতিষ্ঠানকে উক্ত Ordinance এর বিধানাবলি পরিপালন করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 30 অনুযায়ী কোনো আয় উদ্ভূত হইলে শিল্প প্রতিষ্ঠানকে আয়কর প্রদান করিতে হইবে;

(ছ) শিল্প প্রতিষ্ঠানটি বিদ্যমান ব্যবসার পুনর্গঠন বা এইরূপ ব্যবসা বিভাজন দ্বারা গঠিত শিল্প প্রতিষ্ঠান অথবা বাংলাদেশে বিদ্যমান ব্যবসা প্রতিষ্ঠান হইতে মেশিনারি অথবা স্থাপনা হস্তান্তরের মাধ্যমে গঠিত কোনো শিল্প প্রতিষ্ঠান হইতে পারিবে না;

(জ) এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতিপ্রাপ্ত কোনো শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের কোনো শর্ত পরিপালনে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত অব্যাহতি বাতিল করা যাইবে।

২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ২ জুলাই, ২০০৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৮৬-আইন/২০০৯ এবং ১১ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৩৮২-আইন-আয়কর/২০১৯ এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। দফা ২ এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৩৮২-আইন/আয়কর/২০১৯ জারির পূর্বে প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৮৬-আইন/২০০৯ এর আওতায় যে সকল শিল্প প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অব্যাহতির অনুমোদন প্রদান করা হইয়াছিল সেই সকল শিল্প প্রতিষ্ঠান অনুমোদিত মেয়াদ পর্যন্ত ৫% হারে এবং উক্ত মেয়াদ উত্তীর্ণ হইবার পর, এই প্রজ্ঞাপনের শর্তাবলি পরিপালন সাপেক্ষে, জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন গ্রহণ করিয়া ৩০ জুন, ২০৩২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত ১০% হারে হ্রাসকৃত কর পরিশোধ করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
S.R.O. No. 325/2021 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
CamScanner